

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বর-৮০.১০২.০১১.০০.০০.০০১.২০১১-২২৭

তারিখ: ২২ ভাদ্র ১৪২৫
০৬ সেপ্টেম্বর ২০১৮

বিষয় : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের আওতাধীন টেক্সটাইল ইনস্টিটিউট ও টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের জন্য ইন্সট্রাক্টর (ডিটিআই) পদের বাছাই পরীক্ষার (MCQ Type) তারিখ ও সময়সূচি, আসন বিন্যাস এবং নির্দেশাবলি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের আওতাধীন টেক্সটাইল ইনস্টিটিউট ও টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের জন্য ইন্সট্রাক্টর (ডিটিআই) (বিজ্ঞপ্তির ক্রমিক নং- ৪৫, তারিখ: ২৪.০১.২০১৮) পদের বাছাই পরীক্ষার (MCQ Type) তারিখ ও সময়সূচি, আসন বিন্যাস এবং নির্দেশাবলি নিম্নে দেওয়া হলো :

তারিখ ও সময়	পরীক্ষা হলের নাম	প্রার্থীর সংখ্যা
২৭.০৯.২০১৮ অপরাহ্ন: ৩.০০ হতে ৪.০০ পর্যন্ত।	শেরেবাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।	১০৪৫ জন

সময়সূচি ও জরুরি নির্দেশাবলি:

সময়সূচি	পরীক্ষার্থীদের করণীয়
২.০০-২.৩০ টা	পরীক্ষার্থীগণ নির্ধারিত পরীক্ষা হলের কক্ষে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন।
২.৩০ টা	পরীক্ষার্থীদের উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা ও রেজিস্ট্রেশন নম্বর কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে উত্তরপত্রের নির্ধারিত স্থানে স্বাক্ষর করার পর হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন।
৩.০০ টা	প্রার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রেরও ৪টি সেট থাকবে, যেমন সেট-১, সেট-২, সেট-৩ এবং সেট-৪। প্রতিসেট প্রশ্নপত্র ভিন্ন ভিন্ন রঙে মুদ্রিত। প্রার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ/একই সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে প্রার্থী উত্তরদান শুরু করবেন। বিকাল ৩.০০ টার সময় পরীক্ষা শুরু হওয়ার পর কোনো প্রার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।
৪.০০ টা	পরীক্ষা শেষ হবে। প্রার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুকে নেয়ার পর প্রার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। প্রার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন।

